# যোগ্য কর্মকর্তাদের গুরুত্বহীন করে প্রশাসন পরিচালিত হচ্ছে: রুহুল কবির রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর অভিযোগ, ছাত্রদল সম্পৃক্ততার কারণে যোগ্য কর্মকর্তাদের প্রশাসনে গুরুত্বহীন রাখা হয়েছে এবং রাজনৈতিক আনুগত্যের ভিত্তিতে ডিসি-এসপি নিয়োগ দেওয়া হচ্ছে। তিনি বলেন, বিএনপির বিরুদ্ধে ভয়ঙ্কর অপপ্রচার চালানো হচ্ছে এবং ষড়যন্ত্রের মাধ্যমে দলকে রাজনীতির মাঠ থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা চলছে।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, ছাত্রদলের সাথে সম্পৃক্ততার অভিযোগে যোগ্য কর্মকর্তাদের প্রশাসনে গুরুত্বহীন করে রাখা হয়েছে। বরং রাজনৈতিক আনুগত্যের ভিত্তিতে জেলা প্রশাসক (ডিসি) ও পুলিশ সুপার (এসপি) নিয়োগ দেওয়া হচ্ছে।

সোমবার (২২ সেপ্টেম্বর) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক অনুষ্ঠানে তিনি এসব মন্তব্য করেন। এসময় তিনি বলেন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ষড়যন্ত্র এখনো থেমে নেই; নাশকতা বা অপ্রীতিকর ঘটনার চেষ্টা হতে পারে।

রিজভী অভিযোগ করে বলেন, ৫ আগস্টের পর থেকে বিএনপির বিরুদ্ধে ভয়ঙ্কর অপপ্রচার চালানো হচ্ছে। তিনি দাবি করেন, যখনই বিএনপি সাংগঠনিক কার্যক্রম চালাচ্ছে, তখনই সরকারের উপদেষ্টা থেকে শুরু করে বিভিন্ন রাজনৈতিক দল তাদের টার্গেট করছে। এ পরিস্থিতিকে তিনি ওয়ান-ইলেভেনের তত্ত্বের সঙ্গে তুলনা করেন।

তিনি আরও বলেন, একজন পালিয়ে গেছেন, আর এখন বিএনপিকে বিভিন্ন তকমা লাগিয়ে রাজনীতির মাঠ থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা চলছে। এসময় তিনি দলীয় নেতা-কর্মীদের পূজামণ্ডপে প্রহরীর ভূমিকায় অব্যাহত অবস্থান নেওয়ার নির্দেশ দেন।

LENS ASIA